



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জবিসাসের উদ্যোগে দিনব্যাপী 'সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালা' অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে দিনব্যাপী 'সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালা' ১৭ ফেব্রুয়ারি-২০১৮, শনিবার বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি আশরাফুল ইসলাম এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক হুমায়ুন কবির।

উল্লেখ্য, দুটি সেশনে দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসেবে ছিলেন 'সাংবাদিকতা ধারণা ও কৌশল' বইয়ের লেখক ও অভিজ্ঞ প্রশিক্ষক ড. অলিউর রহমান। এছাড়াও ইংরেজি সাংবাদিকতার উপরে ডেইলি স্টারের ক্রাইম রিপোর্টার জামিল খান এবং টেলিভিশন সাংবাদিকতা ও উপস্থাপনার উপরে যমুনা টেলিভিশনের স্টাফ রিপোর্টার আখলাক উস সাফা গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

প্রশিক্ষক হিসেবে আরো উপস্থিত ছিলেন সাংবাদিকতায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ছয়বার পুরস্কারপ্রাপ্ত, জবিসাসের প্রতিষ্ঠাকালীন সাধারণ সম্পাদক ও দৈনিক মানবকণ্ঠের সিনিয়র রিপোর্টার এম মামুন হোসেন। ক্যাম্পাস সাংবাদিকতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন চ্যানেল নাইনের স্টাফ রিপোর্টার আরিফ হোসেন। দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় বিভিন্ন মিডিয়া হাউজের প্রায় ৮০ জন শিক্ষার্থী এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মরত সাংবাদিক প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।